

যুগান্তর

প্রিন্ট: ২০ আগস্ট ২০২৫, ০১:৫৭ পিএম

শিক্ষান্তর

যে কারণে ডাকসুতে একটি পদে প্রার্থী দেয়নি ছাত্রদল



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২০ আগস্ট ২০২৫, ০১:৩৮ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে জাতীয়তাবাদী ছাত্রদল। কেন্দ্রীয় সংসদে ২৮টির মধ্যে ২৭ টি পদে প্রার্থী ঘোষণা করা হয়েছে। একটি পদে প্রার্থী দেয়নি ছাত্রদল।

বুধবার দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত এক সংবাদ সম্মেলেন ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এই প্যানেল ঘোষণা করেন।

কেন্দ্রীয় সংসদে ভিপি হিসেবে লড়বেন আবিদুল ইসলাম খান। সাধারণ সম্পাদক (জিএস) পদে লড়বেন তানভীর বারী হামিম ও এজিএস পদে লড়বেন তানভীর আল হাদি মায়েদ প্রতিদ্বন্দ্বিতা করবেন।

আবিদ-হামিদ-মায়েদ পরিষদ, প্যানেলে আরও আছেন যারা

গবেষণা ও প্রকাশনা বিষয়ক সম্পাদক পদে প্রার্থী দেয়নি ছাত্রদল। এই মনোনয়ন নিয়েছেন ১৫ জুলাইয়ে আহত সানজিদা আহমেদ তন্বী। তার প্রতি সম্মান দেখিয়ে এই পদটি ফাঁকা রেখেছে ছাত্রদল।

সানজিদা আহমেদ তন্বী ঢাবির ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী। তিনি ডাকসু নির্বাচনে গবেষণা ও প্রকাশনা সম্পাদক পদে নির্বাচন করবেন।